

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প  
কেন্দ্রীয় পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: br.lgd.gov.bd  
ইমেইল: onlinebris@lgd.gov.bd

সকল হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন

জেলা প্রশাসক, ফেনী
তারিখ: ২১/২/১৪
ডিজিটাইজেশন
অঃ জেঃ প্রঃ (সঃ)
অঃ জেঃ প্রঃ ১৪২০
তারিখ: ২৩-২-২০১৪
অঃ জেঃ প্রঃ (সঃ)
শাখা

নং: স্বাসবি/ জম্নিপ্র/ প্রপকা/বিআরআইএস-১১/২০১৪-৮৩

বিষয়: **জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী ফি গ্রহণ প্রসঙ্গে।**

অবহিত করা যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ১৩ এর আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পৌরসভা) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (সিটি কর্পোরেশন) বিধিমালা, ২০০৬, এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন (ক্যান্টনমেন্ট বোর্ড) বিধিমালা, ২০০৬ সমূহের বিধি ২০-এ জন্ম বা মৃত্যুর দুই বৎসরের মধ্যে নিবন্ধন না করলে বিলম্বিত ফিসের বিধান রয়েছে।

ক্রমিক	ক্ষেত্র	ইউনিয়ন পরিষদ ও পৌরসভা	সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড
১।	জন্মের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির জন্ম নিবন্ধন	শূন্য	শূন্য
২।	মৃত্যুর তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য	শূন্য
৩।	জন্ম বা মৃত্যুর তারিখ হইতে দুই বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য	৫.০০ টাকা হারে	১০.০০ টাকা হারে
৪।	জন্ম বা মৃত্যু সনদের মূল বাংলা বা ইংরেজী কপি সরবরাহ	শূন্য	শূন্য
৫।	জন্ম বা মৃত্যু সনদের বাংলা বা ইংরেজী দ্বি-নকল কপি সরবরাহ	২৫.০০ টাকা	২৫.০০ টাকা
৬।	সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে প্রদত্ত নিবন্ধন সনদে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হইলে নিবন্ধন সনদ এবং, ক্ষেত্রমত, নিবন্ধন বহি সংশোধন	১০.০০ টাকা	১০.০০ টাকা

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুসারে ২০০৮ সনের ২ জুলাই পর্যন্ত সকল প্রকার জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিস আদায় রহিত ছিল। ৩ জুলাই ২০০৮ হতে ফিস কার্যকর হওয়ার কথা থাকলেও প্রথম পর্যায়ে ২০০৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত এবং ২য় পর্যায়ে ১৬ এপ্রিল ২০০৯ তারিখের এসআরও নং ৬১, ৬২, ৬৩ ও ৬৪ মূলে, ৩য় পর্যায়ে ২১ ডিসেম্বর ২০১০ তারিখের এসআরও নং ৩৯৬, ৩৯৭, ৩৯৮ ও ৩৯৯ মূলে ২০১১ সালের ৩০ জুন, ২০ আগস্ট ২০১১ এর এসআরও নং ২৬৮, ২৬৯, ২৭০ ও ২৭১ মূলে ২০১২ সালের ৩০ জুন এবং ২৫ জুলাই ২০১২ তারিখের এসআরও নং-২৬৯, ২৭০, ২৭১ ও ২৭২ মূলে ২০১৩ সালের ৩০ জুন পর্যন্ত অনূর্ধ্ব ১৮ বছর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন বিনা ফিসে, তদুর্ধ্বদের জন্ম নিবন্ধন ৫০.০০ ফিসে ও যে কোন মৃত্যু বিনা ফিসে নিবন্ধনের জন্য বিধিমালা ছিল।

এখনো পরিলক্ষিত হচ্ছে যে, কিছু কিছু জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে নির্দিষ্ট হারে ফিস গ্রহণ না করে পূর্বের বিধান অনুযায়ী ১৮ বছর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন বিনা ফিসে, তদুর্ধ্বদের জন্ম নিবন্ধন ৫০.০০ ফিসে ও যে কোন মৃত্যু বিনা ফিসে গ্রহণ করা হচ্ছে কিন্তু উক্ত আইনের কার্যকারিতা ৩০ জুন ২০১৩ তারিখে শেষ হয়। বর্তমানে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী সারা দেশে উল্লিখিত ছক মোতাবেক ফি গ্রহণ করা হচ্ছে।

এমতাবস্থায়, সকল উপজেলা নির্বাহী অফিসারকে অধীনস্থ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়কে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ১৩ এর আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পৌরসভা) বিধিমালা, ২০০৬ অনুযায়ী উল্লিখিত হারে ফি গ্রহণের নির্দেশ প্রদানে বিশেষভাবে অনুরোধ করা হলো। বিধিমালাসমূহের ২কপি পাওয়ার জন্য br.lgd.gov.bd ওয়েবসাইটটি ভিজিট করতে অনুরোধ করা হলো।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৯৫৫৬৬০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ফেনী সদর, ফেনী।

স্মারক নং- ০৫.২০.৩০২৯.০০১.১৬.০০৪.১১- ২৩৬

তারিখঃ ১৬.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ উপরে বর্ণিত পত্রের মর্মমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মেয়র, ফেনী পৌরসভা।

২। চেয়ারম্যান, ..... ইউপি (সকল), ফেনী সদর।

(পি.কে.এম এনামুল করিম)  
উপজেলা নির্বাহী অফিসার  
ফেনী সদর, ফেনী।